গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২২ এপ্রিল ২০১৫, ৯ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ান-আফ্রিকান শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার তিনদিনের সরকারি সফরে জাকার্তায় সুকার্নো হাত্তা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে ইন্দোনেশিয়ার বন ও পরিবেশ মন্ত্রী নুরবায়া বাকের তাঁকে স্বাগত জানানোর বিষয়সহ আজকের পত্র-পত্রিকায় প্রকাশিত সচিত্র বিশেষ প্রতিবেদন :

১। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দরিদ্র শিক্ষার্থীদের সুযোগ বাড়ান : বিইউবিটির সমাবর্তনে রাষ্ট্রপতি
২। এশিয়ান-আফ্রিকান শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জাকার্তায়
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় সরকারি সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে
৪। আশুলিয়ায় ব্যাংক ডাকাতি : ম্যানেজারসহ নিহত ৮
৫। সিটি কর্পোরেশন নির্বাচনে সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের
৬। দক্ষ পোশাকশ্রমিক তৈরির কেন্দ্র হচ্ছে
৭। রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের জন্য গঠিত তহবিলের ১০৮ কোটি টাকাই অব্যবহৃত : টিআইবি
৮। নিবন্ধনহীন ৩০ হাজার মুসল্লি হজে যেতে পারছেন না
৯। বাণিজ্যিক ব্যাংকের শাখার নিরাপত্তা খতিয়ে দেখবে কেন্দ্রীয় ব্যাংক : নির্দেশনা না মানলে জরিমানা
১০। কমলাপুর কাস্টমস হাউজে ৮০০ সিসি মোটর সাইকেল জব্দ
১১। আজ বিশ্ব ধরিত্রী দিবস
১২। জলবায়ু অর্থায়নে স্বচ্ছতা নিশ্চিত করতে কমিশন গঠনের দাবি

চলমান পাতা/২

১। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দরিদ্র শিক্ষার্থীদের সুযোগ বাড়ান : বিইউবিটির সমাবর্তনে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে দরিদ্র পরিবারগুলোর সন্তানদের জন্য বৃত্তিসহ সুযোগ-সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.৭,ক.১), জনকণ্ঠ (পৃ.২,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.৩,ক.১)।

২। এশিয়ান-আফ্রিকান শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জাকার্তায়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ান-আফ্রিকান দ্বিতীয় শীর্ষ সম্মেলনে যোগ দিতে তিন দিনের সরকারি সফরে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় পৌঁছেছেন। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান ইন্দোনেশিয়ার বন ও পরিবেশ মন্ত্রী নুরবায়া বাকের। এর আগে সকাল ১০টায় প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানের ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। আজ ২২ এপ্রিল বুধবার জাকার্তার বালাই সিদাং কনভেনশন সেন্টারে শীর্ষ সম্মেলনটি অনুষ্ঠিত হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪)।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় সরকারি সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ান-আফ্রিকান শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার জাকার্তায় সুকার্নো হাত্তা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে ইন্দোনেশিয়ার বন ও পরিবেশ মন্ত্রী নুরবায়া বাকের তাঁকে স্বাগত জানান-এ বিষয়ে ছবি ছেপেছে : ইত্তেফাক-পৃ.১, ক.৬, জনকণ্ঠ-পৃ.১, ক.৭, ইনকিলাব-পৃ.১, ক.৭, সংবাদ-শেষ পৃ., ক.২, সমকাল-শেষ পৃ., ক.২, যায়যায়দিন-শেষ পৃ., ক.২, যুগান্তর-শেষ পৃ., ক.২, ভোরের কাগজ-শেষ পৃ., ক.২, মানবজমিন-শেষ পৃ., ক.৫, বণিক বার্তা-শেষ পৃ., ক.৫, নয়াদিগন্ত-শেষ পৃ., ক.২, ডেইলি সান-শেষ পৃ., ক.৫, নিউজ টুডে-শেষ পৃ., ক.১, নিউ এজ-শেষ পৃ., ক.২, ডেইলি অবজারভার-শেষ পৃ., ক.১, ইন্ডিপেনডেন্ট- পৃ.২, ক.২, ফিনানসিয়াল এক্সপ্রেস-পৃ.৩, ক.৫।

৪। আশুলিয়ায় ব্যাংক ডাকাতি : ম্যানেজারসহ নিহত ৮

সাভারের আশুলিয়ায় গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার বাংলাদেশ কর্মাস ব্যাংকে ডাকাতি করার সময় গুলিতে ম্যানেজারসহ সাতজন নিহত হয়েছেন। এছাড়া পালানোর সময় গণপিটুনিতে এক ডাকাত নিহত হয়। এ সময় ডাকাতরা 'গ্রেনেড' ও 'গুলি' ছোঁড়ে। এতে আহত হন ১২ জন। গণপিটুনিতে নিহত ডাকাতের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ব্যাংক থেকে লুট হওয়া ৫ লাখ ৯৪ হাজার ২৫৫ টাকা। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। সিটি কর্পোরেশন নির্বাচনে সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের

আসন্ন ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে চারদিনের জন্য সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ সিদ্ধান্ত অনুযায়ী ২৬ এপ্রিল রোববার থেকে ২৯ এপ্রিল পর্যন্ত তিন সিটিতে ৩ ব্যাটালিয়ন সৈন্য মোতায়েনের জন্য সশস্ত্র বাহিনী বিভাগকে গতকাল ২১ এপ্রিল মঙ্গলবারই চিঠি দেওয়া হয়েছে। নির্বাচনের আগে রিটার্নিং অফিসারের চাহিদা অনুযায়ী তিন সিটিতেই সেনাবাহিনী টহল দেবে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় ইসির মিডিয়া সেন্টার আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দীন আহমদ বলেন, তিন সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটারদের মানসিক স্বস্তির জন্য সেনাবাহিনী মোতায়েন করা হচ্ছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

৬। দক্ষ পোশাকশ্রমিক তৈরির কেন্দ্র হচ্ছে

দেশের পোশাক খাতে দক্ষ শ্রমিক গড়ে তোলা এবং এ খাতকে এগিয়ে নিতে বিভিন্ন ধরনের গবেষণা করার লক্ষ্যে সেন্টার অব এক্সিলেন্স (সিইবিএআই) প্রতিষ্ঠা করা হচ্ছে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার ঢাকার একটি হোটেলে এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। অবশ্য গত বছরের ডিসেম্বরে বিজিএমইএ আয়োজিত অ্যাপারেল সামিটে প্রথম এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সুইডেন সরকারের দাতা সংস্থা (সিডা) এবং আন্তর্জাতিক ক্রেতা প্রতিষ্ঠান এইচঅ্যান্ডএমের অর্থায়নে এই সেন্টার অব এক্সিলেন্স প্রতিষ্ঠা করছে সরকার ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)। এ আয়োজনের সঙ্গে আছে তৈরি পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৭)।

৭। রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের জন্য গঠিত তহবিলের ১০৮ কোটি টাকাই অব্যবহৃত : টিআইবি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন অ্যাডভোকেট সুলতানা কামাল বলেছেন, রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের সবাই এখনও ঠিকভাবে ক্ষতিপূরণ পাননি। অথচ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত ১২৭ কোটি টাকার মধ্যে ক্ষতিগ্রস্তদের জন্য ব্যয় হয়েছে মাত্র ১৯ কোটি টাকা। বাকি ১০৮ কোটি টাকাই অব্যবহৃত রয়ে গেছে। অথচ এ পুরো টাকাই ক্ষতিগ্রস্তদের প্রাপ্য। এছাড়া রানা প্লাজা দুর্ঘটনায় হতাহত

শ্রমিকদের সহায়তার উদ্দেশ্যে গঠিত 'ডোনার্স ট্রাস্ট ফান্ড'র টাকা কিভাবে আসছে, কিভাবে ব্যয় হচ্ছে এর কোনো তথ্য প্রকাশ করা হয়নি। তাই এই ট্রাস্ট ফান্ডের কার্যক্রম নিয়ে অস্বচ্ছতা তৈরি হয়েছে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার রাজধানীর ধানমন্ডিতে সংস্থার কার্যালয়ে টিআইবি আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৬)।

৮। নিবন্ধনহীন ৩০ হাজার মুসল্লি হজে যেতে পারছেন না

টাকা জমা দিয়েও নিবন্ধনের বাইরে থাকায় এবং নির্ধারিত কোটা আগেই পূরণ হওয়ায় এবার ৩০ হাজার মুসলমান হজে যেতে পারবেন না। এই ৩০ হাজার জনের মধ্যে প্রায় ১০ হাজার জন টাকা জমা দিয়েছেন। কিন্তু কোটার কারণে তাদের পাঠানো যাচ্ছে না। বাকি ২০ হাজার জনের আবেদন বেসরকারি এজেন্সিগুলো নিয়ে রেখেছিল। আগামী বছর হজের জন্য ওই ৩০ হাজার মুসলমানকে অগ্রাধিকার দেওয়া হবে। হজের সার্বিক প্রস্তুতি নিয়ে গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার সচিবালয়ের ধর্ম মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.৭,ক.১)।

৯। বাণিজ্যিক ব্যাংকের শাখার নিরাপত্তা খতিয়ে দেখবে কেন্দ্রীয় ব্যাংক : নির্দেশনা না মানলে জরিমানা

দেশের সব ব্যাংকের শাখাগুলোর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংকের জারি করা নির্দেশনা মানছে না বেশিরভাগ ব্যাংক। ফলে ব্যাংকিং খাতে চুরি-ডাকাতির ঘটনা ঘটেই চলেছে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার সাভারে ব্যাংক ডাকাতির ঘটনার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় ব্যাংক থেকে বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখার নিরাপত্তা ব্যবস্থার সার্বিক অবস্থা সম্পর্কে খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে। এ বিষয়ে ব্যাংকের শাখাগুলোতে পরিদর্শন চালানোর জন্য ব্যাংক পরিদর্শন বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার কেন্দ্রীয় ব্যাংকের উচ্চপর্যায় থেকে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৫)।

১০। কমলাপুর কাস্টমস হাউজে ৮০০ সিসি মোটর সাইকেল জব্দ

রাজধানীর কমলাপুরে কাস্টমস হাউজের ইনল্যান্ড কনটেইনার ডিপোতে (আইসিডি) অভিযান চালিয়ে একটি কন্টেইনার থেকে ৮০০ সিসি ক্ষমতাসম্পন্নসহ ৭০টি আমদানি নিষিদ্ধ মোটর সাইকেল জব্দ করেছে শুল্ক গোয়েন্দা কর্মকর্তারা। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার প্রায় সাত কোটি টাকা মূল্যের এই মোটরসাইকেলগুলো জব্দ করা হয়। বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে নিরাপত্তা বিশ্লেষকরা বলছেন, রাষ্ট্রে বড় ধরনের নাশকতা চালানোর উদ্দেশ্যে এসব মোটর সাইকেল আমদানি করা হয়েছে। জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতর মোটর সাইকেলগুলো উদ্ধার করে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৭), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১)।

১১। আজ বিশ্ব ধরিত্রী দিবস

বিশ্বের প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে সচেতনতা ও ভালোবাসা সৃষ্টির জন্য প্রতি বছর ২২ এপ্রিল বিশ্ব ধরিত্রী দিবস পালিত হয়। ১৯৯০ সাল থেকে ১৪১টি দেশকে সঙ্গে নিয়ে আন্তর্জাতিকভাবে দিবসটি পালিত হয়ে আসছে। বিশ্বের অলাভজনক প্রতিষ্ঠান, সরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ ও বিভিন্ন গোষ্ঠী পরিবেশ রক্ষায় মানুষকে আরো সংবেদনশীল করে তোলার জন্য বিভিন্ন কর্মসূচি পালন করছে। প্রতি বছর সারা বিশ্বের লক্ষাধিক জনগণ ধরিত্রী দিবস উদযাপনের জন্য একত্রিত হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.১৭,ক.৪)।

১২। জলবায়ু অর্থায়নে স্বচ্ছতা নিশ্চিত করতে কমিশন গঠনের দাবি

জলবায়ু অর্থায়নে স্বচ্ছতা নিশ্চিত করতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর পরিবর্তন করে প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি জলবায়ু কমিশন গঠনের দাবি জানিয়েছেন বিশেষজ্ঞরা। তারা বলেছেন, জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবে ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। এর জন্য দায়ী উন্নত দেশগুলোর কাছ থেকে ক্ষতিপূরণ আদায়ে কার্যকর উদ্যোগ নিতে হবে। এছাড়া, বাজেটেও এ খাতে অর্থ বরাদ্দ বাড়াতে হবে। গতকাল ২১ এপ্রিল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে অনুষ্ঠিত 'বাংলাদেশে জলবায়ু অর্থায়ন : প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক গোলটেবিল বৈঠকে এসব কথা বলেন তারা। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭০ বছর ছাড়িয়ে যাওয়াকে আনন্দের খবর উল্লেখ করে এর সাথে সাথে জনসংখ্যা বৃদ্ধির হার শূন্যে নিয়ে আসার পাশাপাশি সব নাগরিকের শিক্ষা, স্বাস্থ্যসেবা, খাদ্য, ও বাসস্থানের মতো মৌলিক চাহিদা পূরণের দিকে নজর দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, জনকণ্ঠ : আসন্ন তিনটি সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে এই প্রত্যাশা ব্যক্ত;

গ. জনকণ্ঠ : বাংলাদেশ ব্যাংক প্রবাসীদের জন্য পেনশন স্কিম চালুর যে ঘোষণা দিয়েছে তাকে স্বাগত জানিয়ে এই স্কিমে বিনিয়োগের নিরাপত্তা যাতে সুষ্ঠুভাবে নিশ্চিত হয় সে ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল, সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন, নিউ এজ : বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার নির্বাচনী প্রচারণার সময় গাড়ি বহরে হামলাকারীদের চিহ্নিত করে আইনি

ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঙ. ইনকিলাব : কৃষকের উৎপাদিত ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করতে ভারত থেকে চাল আমদানি বন্ধ করার দাবি;

চ. ডেইলি স্টার, সংবাদ : সিটি কর্পোরেশন নির্বাচনে পদপ্রার্থীদের জনপ্রিয়তা যাচাইয়ে থানার দায়িত্বরত পুলিশ কর্মকর্তাদের কর্মকাণ্ডের সমালোচনা করে স্টেট এজেন্সিকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার না করার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা সম্পন্ন করতে রাজউকের চেয়ারম্যানের প্রতি হাইকোর্টের তাগাদার উল্লেখ করে অসমর্থ ঝুঁকিপূর্ণ ভবনের মালিকদের পুনরায় ভবন তৈরিতে নানাবিধ আর্থিক সুবিধা প্রদানের আহ্বান;

জ. নিউজ টুডে : বন্যপ্রাণী সুরক্ষায় বন অধিদফতরকে বিদ্যমান বন্যপ্রাণী সুরক্ষা আইনের কঠোর প্রয়োগের সুপারিশ;

ঝ. নিউ নেশন : রাজনৈতিক বিবেচনায় কর্মকর্তাদের ওএসডি না করে কর্মকর্তাদের পদোন্নতি দক্ষতা, জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে দেশে উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে অরাজকতা, অশান্তি নয়, শান্তি ও স্বস্তির পরিবেশ প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'নারীর ওপর ঘৃণ্য হামলা এ আঁধার দূর করার উপায় কী' শিরোনামের নিবন্ধে সালমা ইসলাম নারীর প্রতি সহিংসতা রোধে পরিবারে ও সমাজে নারীর মর্যাদা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা